

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২৯০

৩২/ युक्त-विश्वर (کتاب الملاحم)

পরিচ্ছেদঃ ১৭. আদেশ ও নিষেধ সম্পর্কে।

# باب الأُمْرِ وَالنَّهْي

#### আরবী

حَدَّثَنَا أَبُو الرَّبِيعِ، سُلَيْمَانُ بْنُ دَاوُدَ الْعَتَكِيُّ حَدَّثَنَا ابْنُ الْمُبَارِكِ، عَنْ عُتْبَةَ بْنِ أَبِي حَكِيمٍ، قَالَ حَدَّثَنِي عَمْرُو بْنُ جَارِيةَ اللَّخْمِيُّ، حَدَّثَنِي أَبُو أُمْيَّةَ الشَّعْبَانِيُّ، قَالَ سَأَلْتُ أَبَا تَعْلَبَةَ كَيْفَ تَقُولُ فِي هَذِهِ الآيَةِ ( عَلَيْكُمْ أَنْفُسَكُمْ ) قَالَ أَمَا وَاللَّهِ لَقَدْ الْخُشَنِيَّ فَقُلْتُ يَا أَبَا تَعْلَبَةَ كَيْفَ تَقُولُ فِي هَذِهِ الآيَةِ ( عَلَيْكُمْ أَنْفُسَكُمْ ) قَالَ أَمَا وَاللَّهِ لَقَدْ الْخُشَنِيَّ فَقُلْتُ يَا أَبَا تَعْلَبَةَ كَيْفَ تَقُولُ فِي هَذِهِ الآيَةِ ( عَلَيْكُمْ أَنْفُسَكُمْ ) قَالَ أَمَا وَاللَّهِ لَقَدْ اللَّهِ صَلَى الله عليه وسلم فَقَالَ " بَلِ الْتَمِرُوا اللَّهِ اللهَ عليه وسلم فَقَالَ " بَلِ الْتَمِرُوا بِالْمَعْرُوفِ وَتَنَاهَوْا عَنِ الْمُنْكَرِ حَتَّى إِذَا رَأَيْتَ شُحَّا مُطَاعًا وَهُوًى مُتَّبَعًا وَدُنْيَا مُؤْثَرَةً بِالْمَعْرُوفِ وَتَنَاهَوْا عَنِ الْمُنْكَرِ حَتَّى إِذَا رَأَيْتَ شُحَّا مُطَاعًا وَهُوًى مُتَّبَعًا وَدُنْيَا مُؤْثَرَةً وَإِعْجَابَ كُلِّ ذِي رَأْي بِرَأْيهِ فَعَلَيْكَ لَ يَعْنِي بِنَفْسِكَ لَ وَدَعْ عَنْكَ الْعَوَامُ فَإِنَّ مِنْ وَرَائِكُمْ وَإِلَّكُمْ اللهَ الْمَعْرُوفِ وَتَنَاهَوْ اللهِ مِلْ أَعْرَفِ مَنْكُمْ اللهِ عَلَيْهُمْ وَالَ يَا رَسُولَ اللَّهِ أَجْرُ خَمْسِينَ مِنْهُمْ قَالَ " أَجْرُ خَمْسِينَ مِنْكُمْ " .

#### বাংলা

৪২৯০. আবৃ রাবী' (রহঃ) .... আবৃ উমাইয়া শা'বানী (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি আবৃ ছা'লাবা খুশানী (রাঃ)-কে জিজ্ঞাসা করে, হে আবৃ ছা'লাবা! এ আয়াত সম্পর্কে আপনার অভিমত কি? তিনি বলেনঃ আল্লাহ্র শপথ! তুমি এ বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিকেই জিজ্ঞাসা করেছে। একদা আমি এ আয়াত সম্পর্কে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করলে, তিনি বলেনঃ তুমি তোমার সম্পর্কে চিন্তা-ভাবনা করার পর তোমার দায়িত্ব হলো- সৎকাজের আদেশ দেওয়া এবং অসৎ কাজ থেকে নিষেধ করা। একাজ তুমি ততক্ষণ করবে, যতক্ষণ না তুমি লোকদের কৃপণতার অনুসারী এবং স্বীয় খাহেশের অনুগামী দেখবে। আর দুনিয়াকে দীনের উপর প্রাধান্য দিতে থাকে এবং প্রত্যেক অহংকারী ব্যক্তি নিজের মতামতের অনুসরণকারী হয়। এমতাবস্থায় তুমি তোমার সম্পর্কে চিন্তা-ভাবনা করবে এবং সাধারণের কথা পরিত্যাগ করবে। কেননা, এর পরেই সবরের সময়। আর সে সময় সবর করা এরূপ, যেন জ্বলন্ত আগুন হাতে রাখা। সে সময় যে ব্যক্তি নেক আমল করবে, সে পঞ্চাশ জনের সমান ছাওয়াব পাবে। তখন জনৈক সাহাবী জিজ্ঞাসা করেনঃ ইয়া রাসূলাল্লাহ! তাদের মাঝের পঞ্চাশ



জনের নেকীর অনুরূপ নেকী সে পাবে? তিনি বলেনঃ তোমাদের মত পঞ্চাশ জনের ছাওয়াবের অনুরূপ ছাওয়াব সে পাবে।

### **English**

Abu Umayyah ash-Sha'bani said:

I asked AbuTha'labah al-Khushani: What is your opinion about the verse "Care for yourselves".

He said: I swear by Allah, I asked the one who was well informed about it; I asked the Messenger of Allah (ﷺ) about it.

He said: No, enjoin one another to do what is good and forbid one another to do what is evil.

But when you see niggardliness being obeyed, passion being followed, worldly interests being preferred, everyone being charmed with his opinion, then care for yourself, and leave alone what people in general are doing; for ahead of you are days which will require endurance, in which showing endurance will be like grasping live coals. The one who acts rightly during that period will have the reward of fifty men who act as he does.

Another version has: He said (The hearers asked:) Messenger of Allah, the reward of fifty of them?

He replied: The reward of fifty of you.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন